যুগান্তর

তারিখ ২৯ OCT 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

### তাড়াইল পাইলট মডেল উচ্চবিদ্যালয়

# ছাত্র-শিক্ষক উভয়েরই সৃজনশীল ভীতি

এটিএম নিজাম, *কিশোরগঞ্জ ব্যুরো*

কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলা সদরের ঐতিহ্যবাহী মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান তাড়াইল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। এ বিদ্যালয়ে হাতেগোনা কয়েকজন শিক্ষক সৃজনশীল পদ্ধতিতে পাঠদান বিষয়ে মাত্র তিন দিনের প্রশিক্ষণ পেয়েছেন। ইংরেজি ও গণিতের মতো গুরুত্বপূর্ণ বিষয়ের শিক্ষকসহ অনেক শিক্ষক এখনও প্রশিক্ষণের বাইরে রয়েছেন। ফলে এ পদ্ধতি নিয়ে ছাত্র-শিক্ষক উভয়ের মাঝেই এক ধরনের ভীতি কাজ করে। শিক্ষার্থীদের ভালোভাবে পাঠদান করতে না পেরে শিক্ষকরা যেমন বিড়ম্বনায় পড়েন, তেমনি শিক্ষার্থীরাও এ পদ্ধতি রপ্ত করতে গিয়ে হিমশিম খাচ্ছে। পাশাপাশি অভিভাবকরাও তাদের সন্তানদের নিয়ে উদ্বেগ-উৎকণ্ঠায় থাকেন।

তাড়াইল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে। ছাত্রছাত্রী ১৪১০ জন। স্কুলটির প্রতিটি শ্রেণীতে ১২০ থেকে ১৬০ জন শিক্ষার্থী রয়েছে। ২৬ জন শিক্ষকের মধ্যে মাত্র ১২ জন শিক্ষক সৃজনশীল পদ্ধতির ওপর তিন দিনের প্রশিক্ষণ নিয়েছেন। সামান্য সময়ের এই প্রশিক্ষণের ওপর ভর করে শিক্ষার্থীদের পাঠদান করছেন শিক্ষকরা। সৃজনশীল পদ্ধতি নিয়ে স্কুলের প্রধান শিক্ষক আবদুল মতিন ফকির যুগান্তরকে বলেন, এই পদ্ধতি নিঃসন্দেহে ভালো। তবে বর্তমান প্রেক্ষাপটে প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় সৃজনশীল পদ্ধতিতে পাঠদান করে সফলতা অর্জন করা সম্ভব নয়। এজন্য প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ শিক্ষকের প্রয়োজন। আমার স্কুলে আমিসহ অনেক শিক্ষকই এখনও প্রশিক্ষণ পাইনি।



সৃজনশীলের ভালো-মন্দ

বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র নূরুল ইসলাম জানায়, সৃজনশীল পদ্ধতি সম্পর্কে শিক্ষকরা তাদের ভালোভাবে ধারণা দিতে পারছেন না।

ফলে এ পদ্ধতিতে লেখাপড়া করতে গিয়ে তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছে। ভীতি : পৃষ্ঠা ১৭ : কলাম ১

## ভীতি : সৃজনশীল

(৩য় পৃষ্ঠার পর)

**তাড়াইল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়-০২ :** এ স্কুলের দশম শ্রেণীর ছাত্রী ইফসা সুলতানা জানায়, এ পদ্ধতিতে পরীক্ষার হলে সময় নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর লিখতে হয়। কিন্তু বর্তমানে পরীক্ষায় যে সময় নির্ধারণ করা হয়েছে তা পর্যাপ্ত নয়। বিশেষ করে গণিত বিষয়ের ছয়টি প্রশ্নের উত্তর লিখার আগেই সময় শেষ হয়ে যায়। নবম শ্রেণীর ছাত্রী লিজা আক্তার জানায়, শিক্ষকরা এ বিষয়ে তাদের ভালোভাবে বুঝাতে না পারায় তারা বিষয়টি সম্পর্কে অবগত হতে পারছে না।